

একাধিকবার নাম অন্তর্ভুক্ত থাকার কারণে তাদের একাধিক বার নমুনায় অন্তর্ভুক্ত হওয়ার সম্ভাবনা থাকতে পারে। এই ক্রটি এড়ানোর জন্য সমাজ গবেষকরা ‘পক্ষপাতহীন অননুক্রমিক সংখ্যাধারা পদ্ধতি (Random Digit Dialing System-RDD)’ এবং ‘পরিগণকের সাহায্যে দূরভাষ সাক্ষাত্কার (Computer Assisted Telephone Interviewing - CATI)’ পদ্ধতি অবলম্বনের কথা বলেছেন।

RDD পদ্ধতিতে দূরভাষ নির্দেশিকার ব্যবহার না করে নমুনা নির্বাচন করা হয়। এখানে যান্ত্রিক প্রক্রিয়ায় পক্ষপাতনিরপেক্ষ ভাবে একগুচ্ছ কার্যকর দূরভাষ নম্বর থেকে বিভিন্ন সম্ভাব্য রাশির (combination) নমুনা চয়ন করা হয়। তবে এই পদ্ধতির অসুবিধা হল যাদের দূরভাষ সংযোগ নেই, তারা এই পদ্ধতিতে নমুনার অন্তর্ভুক্ত হতে পারে না এবং যাদের একাধিক দূরভাষ সংযোগ আছে, তারা একাধিকবার নমুনার অন্তর্ভুক্ত হলে প্রতিনিধিত্বের সমস্যা তৈরী হয়।

RDD পদ্ধতির সমস্যা অনেকাংশে মেটানো যায় CATI এর মাধ্যমে। এই প্রক্রিয়ায় সাক্ষাত্কার গ্রহণকারী পরিগণকের (computer) প্রদর্শক পর্দার (video screen) সামনে বসেন। পরিগণক পক্ষপাতহীনভাবে দূরভাষ নম্বর নির্বাচন করে উত্তরদাতাদের সাথে যোগাযোগ করে। যখন উত্তরদাতা যোগাযোগে সাড়া দেয়, তখন প্রশ্নকর্তা তাকে নিজের পরিচয় দিয়ে প্রদর্শক পর্দায় যে প্রশ্ন ফুটে ওঠে, তা তাকে জিজ্ঞাসা করেন, উত্তরদাতার উত্তর প্রশ্নকর্তা অর্থাৎ সাক্ষাত্কার গ্রহণকারী পরিগণকে মুদ্রিত করে রাখেন এবং উত্তর সরাসরি সংকেতায়িত হয়ে পরিগণক ধারক চাকতিতে (computer disk) সংশ্লিষ্ট থাকে। এইভাবেই সমস্ত প্রশ্ন করা হয় আর উত্তরগুলি পরপর এমনভাবেই সংশ্লিষ্ট হয়ে থাকে। এই প্রক্রিয়ায় নমুনাচয়ন সংক্রান্ত ক্রটিগুলিকে অনেকাংশেই নিয়ন্ত্রণ করা যায়।

নিরীক্ষামূলক গবেষণায় তথ্য সংগ্রহের জন্য কোন পদ্ধতি অবলম্বন করা হবে তা নির্ভর করে সমাজ গবেষকের গবেষণার মূল উদ্দেশ্যের ওপর। উদাহরণ হিসাবে বলা যেতে পারে যে সমাজ গবেষক যদি এমন কোনো উত্তরদাতাকে নমুনার অন্তর্ভুক্ত করেন যে লিখতে ও পড়তে পারে না, উত্তর দিতে অনাগ্রহী, তখন সেক্ষেত্রে মুখোমুখি সাক্ষাত্কার গ্রহণের মাধ্যমে তার থেকে তথ্য সংগ্রহ করতে পারেন। তাছাড়া গবেষকের লক্ষ্য যদি হয় উত্তরদাতার মনোভাব, আচার আচরণ অথবা পারিপার্শ্বিক পরিস্থিতি সম্পর্কে অবহিত হওয়া তখন মুখোমুখি সাক্ষাত্কার গ্রহণ প্রক্রিয়া তাঁর কাছে গ্রহণযোগ্য হয়। যদি সাক্ষাত্কারের প্রকৃতি হয় সহজ সরল এবং যদি তা দ্রুত সম্পাদনের প্রয়োজন হয়, তখন গবেষক দূরভাষ নিরীক্ষার আশ্রয় নিতে পারেন। যদি সম্ভাব্য উত্তরদাতারা অনেক দূরে ছড়িয়ে ছিটিয়ে বসবাস করে এবং যখন তাদের কোনো নির্দিষ্ট অঞ্চলে কেন্দ্রীভূত হতে দেখা যায় না, তখন গবেষক ডাকযোগে নিরীক্ষার প্রক্রিয়া অবলম্বন করতে পারেন।

(Ref. Book: *Methods of Sociological Inquiry and Research by Dr, Aniruddha Choudhury*)